

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বাংলায় অনুদিত

এফই সার্কুলার নং : ০৬

তারিখঃ ১৫ এপ্রিল, ২০১৩।

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

বাংলাদেশে বসবাসরত এবং কর্মরত বিদেশী নাগরিকগণের পারিবারিক ব্যয় বাবদ রেমিট্যান্স প্রেরণ প্রসঙ্গে।

গাইড লাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স ভলিউম-১ (২০০৯) এর অধ্যায়-১১, অনুচ্ছেদ-০৮ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক বাংলাদেশে বসবাসরত এবং কর্মরত বিদেশী নাগরিকগণের এদেশে অর্জিত মাসিক নিট আয়ের ৫০% নিজ দেশে পারিবারিক ব্যয়/ দায় নির্বাহের জন্য মাসিক ভিত্তিতে রেমিট্যান্সের বিষয়ে অনুমোদিত ডিলারগণ প্রাধিকার প্রাপ্ত।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বাংলাদেশে বসবাসরত এবং কর্মরত বিদেশী নাগরিকগণ এদেশে অর্জিত মাসিক নিট আয়ের ৭৫% নিজ দেশে পারিবারিক ব্যয়/দায় নির্বাহের জন্য মাসিক ভিত্তিতে প্রেরণ করতে পারবেন।

০৩। উল্লিখিত সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকর হবে।

০৪। এই বিষয়ে গাইড লাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স ভলিউম-১ (২০০৯) অধ্যায়-১১ অনুচ্ছেদ -০৮ তে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক এই সার্কুলার এর বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯২